দৈনিক ইত্তেফাক

8/10/2000
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

# পরিবার পরিজন নিয়া কৃষি ভার্সিটির ভিসি'র ক্যাম্পাস ত্যাগ

ইউএনবি ॥ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় ভিসি ডঃ আনোয়ারুল ইসলামের পদত্যাগের দাবীতে ছাত্রদলের প্রচন্ড বিক্ষোভের মুখে তিনি পরিবার-পরিজনসহ গত মঙ্গলবার রাতে ক্যাম্পাস ত্যাগ করিয়া জেলা শহরের এক স্বজনের বাসায় আশ্রয় গ্রহণ করেন। এদিকে গতকাল

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## পরিবার-পরিজন নিয়া

(প্রথম পৃষ্ঠার পর)

বুধবার ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর আহমেদুল্লাহ সরকার, প্রক্টর প্রফেসর মুস্তাফিজুর এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব, সুলতানা রাজিয়া, শাহজালাল ও সোহরাওয়ার্দী হলের প্রভোস্ট রেজিস্ট্রার অফিসে পদত্যাগপত্র পেশ করেন। তবে রেজিস্ট্রার জানাইয়াছেন, তিনি কোন পদত্যাগপত্র পান নাই।

### হল দখল

ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, কোনরূপ সংঘর্ষ বা অপ্রীতিকর ঘটনা ছাড়াই কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদল গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ১০টি আবাসিক হল দখল করে। গতকাল ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি এস,এম খালিদের নেতৃত্বে মিছিল-সমাবেশ হয়। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা রফিকুল ইসলাম রফিক, রেজাউল করিম হাসু, নূরুল ইসলাম, শ্যামল প্রমুখ। তাহারা অবিলম্বে দলীয় ভিসি'র পদত্যাগ এবং সকল বেআইনী নিয়োগ বাতিলের দাবী জানান।